যুগান্তর

10 JUN 2008

# দশ বিশ্ববিদ্যালয়ে শিগগির উপাচার্য নিয়োগ

যুগান্তর রিপোর্ট

শিগগির দেশের দশটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ দেয়া হচ্ছে। এগুলোর মধ্যে সাতটিতে নিয়োগ পাবেন চলতি মাসেই। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে উপাচার্য নিয়োগে গঠিত সার্চ কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

চলতি মাসে যে সাতটি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ পাচ্ছেন সেগুলো হচ্ছে— ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট), হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এবং যশোর প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যুয়েট)। এগুলোর মধ্যে শেষেরটিতে প্রথম উপাচার্য নিয়োগ দেয়া হবে। সোমবারের সভায় ডুয়েটের জন্য তিনজনের একটি উপাচার্য প্যানেল গঠন করা হয়েছে। আগামী সোমবার অনুষ্ঠেয় সার্চ কমিটির পরবর্তী সভায় বাকিগুলোর প্যানেল গঠন করা হবে। এছাড়া ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগের বিজ্ঞপ্তি শিগগিরই প্রকাশিত হবে।

সভা শেষে শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান সাংবাদিকদের জানান, ডুয়েটের উপাচার্য পদে ২৬টি আবেদন পড়েছে। এর মধ্যে বাছাই শেষে তিনজনের একটি তালিকা তৈরি করা হয়েছে। চ্যান্সেলর এর মধ্য থেকে একজনকে নিয়োগের আদেশ দেবেন।

প্রসঙ্গত, উল্লিখিত সাতটি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয় সংবাদপত্রে উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রচার করে। ৩২৫ জন এর জন্য আবেদন করেন। আবেদনকারীদের মধ্যে অনেকেই ইতিমধ্যে দুর্নীতির দায়ে অপসারিত হয়েছেন। আবার অনেকের বিরুদ্ধে দুর্নীতির কড়া অভিযোগ রয়েছে। কয়েকজন একাধিক বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হওয়ার খায়েশে আবেদন করেছেন। শিক্ষা উপদেষ্টা জানান, সভায় (গতকালের) উপাচার্য নিয়োগের একটি নীতিমালা করা হয়েছে। নীতিমালা অনুযায়ী অপসারিতরা উপাচার্য হবেন না। যাদের শিক্ষকতার অভিজ্ঞতা নেই এবং একাধিক পদের জন্য আবেদন করেছেন, তারাও উপাচার্য হবেন না।

নয় সদস্যের সার্চ কমিটির সভাপতি শিক্ষা সচিব মোমতাজুল ইসলাম। উপদেষ্টা কালকের সভায় কমিটির আমন্ত্রণে উপস্থিত ছিলেন। এছাড়া কমিটির সদস্য ড. এহসানুল হক, ড. ফরাসউদ্দিন, ড. নূরউদ্দিন আহমদ, ড. হাফিজ জিএ সিদ্দিকী, অধ্যাপক কাজী সালেহ আহমদ এবং অধ্যাপক এসএম বুলবুল, কমিটির সদস্য সচিব ও মন্ত্রণালয়ের যুগ্ম সচিব শফিকুল আলম উপস্থিত ছিলেন। কমিটির কো-চেয়ারম্যান অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ অনুপস্থিত ছিলেন।

গত বছর ২৯ জুলাই এ কমিটি গঠিত হয়। কমিটি ১৯৭৩ সালের অধ্যাদেশে পরিচালিত ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ নিয়ে কাজ করবে না।